**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**13 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যের লোকনির্মাণ অর্থাৎ পূর্ত বিভাগ এবং চিকিৎসা শিক্ষা ও গবেষণা বিভাগে আসাম সরকারের একহাজার ১২৭ জন প্রার্থীর নিযুক্তি প্রদান/ মিউচ্যুয়াল ট্রান্সফারের মাধ্যমে রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বদলির সুবিধার্থে রাজ্যসরকার শীঘ্রই পোর্টাল ভিত্তিক ব্যবস্থা আরম্ভ করবে বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

(২) আসাম মন্ত্রীসভার আজকের বৈঠকে শহরাঞ্চলের কৃত্রিম বন্যা রোধ করতে রাজ্য বিধানসভার আগামী শরৎকালীন অধিবেশনে নতুন বিল উত্থাপনের সিদ্ধান্ত গ্রহণ/

(৩) সমগ্র দেশের সঙ্গে আসামেও স্বাধীনতা দিবস উদযাপনের ব্যাপক প্রস্তুতি/ জেলায় জেলায় হর ঘর তিরঙ্গা কার্যসূচীর আয়োজন/

এবং

(৪) প্যারিস অলিম্পিকে অংশগ্রহণ করে আসামে ফিরে আসা বক্সার লাভলীনা বরগোঁহাইকে গুয়াহাটিতে সংবর্ধনা/

---

আসাম সরকার আজ গুয়াহাটির শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে লোকনির্মাণ অর্থাৎ পূর্ত বিভাগ এবং চিকিৎসা শিক্ষা ও গবেষণা বিভাগে একহাজার ১২৭ জন প্রার্থীকে নিযুক্তি প্রদান করেছে । এর সঙ্গে সঙ্গে রাজ্যসরকারের প্রতিশ্রুতি

প্রদান করা একলক্ষ নিযুক্তির মধ্যে ৯৯ হাজার ৯৭ জনকে নিযুক্ত প্রদানের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে । মুখ্যমন্ত্রী ডহ হিমন্তবিশ্ব শর্মা আজ আনুষ্ঠানিকভাবে বেশকয়েকজন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করেছেন । শীঘ্রই একলক্ষ নিযুক্তি সম্পূর্ণ হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন । আর মাত্র ৯০৩টি নিযুক্তির পরই রাজ্য সরকার তার প্রতিশ্রুতি পূরণের দিকে একশো শতাংশ সফল হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন । পূর্ত অর্থাৎ লোকনির্মাণ বিভাগে নিযুক্তিপ্রাপ্ত বাস্তুকারদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন যে- শিক্ষার্থী জীবনে তাদের লাভ করা কারিগরি শিক্ষা এবং জ্ঞানসমূহ কর্মক্ষেত্রে তারা কিভাবে প্রয়োগ করতে পারেন, তা-ই লক্ষ্যনীয় বিষয় । নিযুক্তিপ্রাপ্ত বাস্তুকারদের নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করা সহ পরিকাঠামো নির্মাণের ক্ষেত্রে গুণগতমান রক্ষার জন্যে কর্মক্ষেত্রে নিরীক্ষণ ব্যবস্থা বৃদ্ধি করার বিষয়ে তিনি আহ্বান জানান । চিকিৎসা শিক্ষা ও গবেষণা বিভাগে প্রদান করা নিযুক্তির উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- নগাঁও, নলবাড়ী, কোকরাঝাড় ও তিনসুকিয়াতে নবনির্মিত চারটি মেডিকেল কলেজে আজ ৮১২ জন স্টাফ নার্স নিযুক্তি দেওয়া হয়েছে ।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আরো বলেন যে- পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে বদলি বা মিউচ্যুয়াল ট্রান্সফারের জন্যে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে চাকুরিরত কর্মচারীদের বদলির সুবিধার্থে রাজ্যসরকার শীঘ্রই পোর্টাল ভিত্তিক বদলির ব্যবস্থা আরম্ভ করবে । একইসঙ্গে ডঃ শর্মা সরকারী চাকরজীবিদের বেতনের ক্ষেত্রে নতুন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও মন্তব্য করেছেন । মুখ্যমন্ত্রী বলেন যে- বর্তমানে রাজ্যসরকারের কোনো কর্মচারীর মৃত্যু হলে সেই কর্মচারীর অবশিষ্ট চাকরির সময়সীমায় তার প্রতিমাসের বেতন তার পত্নীকে প্রদান করা হচ্ছে । বর্তমান সরকার এই ব্যবস্থার কিছুটা পরিবর্তন করে সরকারী কর্মচারীটির মৃত্যুর পর মাসিক অনুকম্পামূলক অর্থ বাবদ তার পত্নীর প্রাপ্ত অর্থের কুড়ি শতাংশ মৃত কর্মাচারীর পিতামাতাকে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে তিনি প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------

দিসপুরে আজ অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে শহরাঞ্চলের কৃত্রিম বন্যা রোধ করার জন্যে নতুন বিল উত্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । বৈঠক শেষে মন্ত্রী কেশব মহন্ত ও যোগেন মোহন সংবাদ মাধ্যমকে জানান যে- আসাম বিধানসভার শরতকালীন অধিবেশনে এই বিল উত্থাপন করা হবে । আগামী বছর থেকে জমির খাজনা অনলাইনযোগে দেওয়ার বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় । পেনশন সহায়তা কেন্দ্রকে শিক্ষা বিভাগের আওতায় আনার বিষয়েও এই বৈঠকে অনুমোদন জানানো হয় ।

---

সমগ্র দেশের সঙ্গে আসামেও স্বাধীনতা দিবস উদযাপনের জন্যে ব্যাপক প্রস্তুতি অব্যাহত রয়েছে । গুয়াহাটির খানাপাড়ায় আগামী বৃহস্পতিবার অনুষ্ঠেয় স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় পর্যায়ের কার্যসূচীর জন্য প্রস্তুতি সম্পূর্ণ হয়ে উঠছে । খানাপাড়ার পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে পুলিশ ব্যাটেলিয়ান, আধাসামরিক বাহিনী এবং এন সি সি দলের প্যারেড অনুশীলন চলছে । রাজ্যের কয়েকটি সংগঠনের স্বাধীনতা দিবস বর্জনের জন্যে জানানো আহ্বানের পরিপ্রেক্ষিতে গুয়াহাটি মহানগরীতে প্রশাসনের পক্ষ থেকে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । রেল সুরক্ষা বাহিনী রেল স্টেশনে স্নিফার ডগের সহায়তায় সুরক্ষা ব্যবস্থার তদারক করছে । রেললাইন এবং অন্যান্য স্থানে তল্লাশি অব্যাহত রয়েছে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা খানাপাড়ায় স্বাধীনতা দিবসের রাজ্যপর্যায়ের মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন । এছাড়া রাজ্যের অন্যান্য মন্ত্রী, বিধায়করা রাজ্যের বিভিন্ন জেলায় আয়োজিত স্বাধীনতা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করবেন ।

স্বাধীনতা দিবস উপলক্ষে আসাম খাদি ও গ্রামোদ্যোগ বোর্ড ছ'হাজার পতাকা প্রস্তুত করেছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও স্বাধীনতা দিবস উদযাপনের জন্য যাবতীয় প্রস্তুতি নেওয়া হচ্ছে । কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায় সংশ্লিষ্ট জেলাপ্রশাসনের উদ্যোগে আগামী বৃহস্পতিবার স্বাধীনতা দিবস পালন উপলক্ষে ব্যাপক কার্যসূচী গ্রহণ করা হয়েছে । এছাড়া এই তিন জেলার সব সরকারী, বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারী কার্যালয়, বাসগৃহ ইত্যাদিতেও স্বাধীনতা দিবস পালনকে কেন্দ্র করে উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলায় সংশ্লিষ্ট জেলাপ্রশাসনের উদ্যোগে আগামী বৃহস্পতিবার স্বাধীনতা দিবস পালন উপলক্ষে ব্যাপক কার্যসূচী গ্রহণ করা হয়েছে । এছাড়া এই তিন জেলার সব সরকারী, বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারী কার্যালয়, বাসগৃহ ইত্যাদিতেও স্বাধীনতা দিবস পালনকে কেন্দ্র করে উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে ।

---

উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর আজ নতুনদিল্লীর ভারত মন্ডপম থেকে পতাকা নেড়ে হর ঘর তেরঙ্গা মোটরসাইকেল র‍্যালির সূচনা করেন ।এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি বলেন যে স্বাধীনতা দিবসে প্রতিটি ঘরে তেরঙ্গা পতাকা উত্তোলন করতে জনসাধারণকে উৎসাহিত করার উদ্দেশ্যে হর ঘর তেরঙ্গা অভিযান আরম্ভ করা হয়েছে

।তিনি বলেন যে এই অভিযান ইতিমধ্যে আন্দোলনে পরিণত হয়েছে এবং কোটি কোটি লোক নিজেদের বাসগৃহে পতাকা উত্তোলন করছে । হর ঘর তেরঙ্গা অভিযান দেশের স্বাধীনতা ,গৌরব এবং বিকশিত ভারতের প্রতি দায়বদ্ধতাকে প্রতিফলিত করে বলে তিনি মন্তব্য করেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওত , কিরেণ রিজিজু , মনসুখ মান্ডাভিয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।
আসামের প্রতিটি জেলায়ও হর ঘর তেরঙ্গা অভিযানের অধীনে বিভিন্ন কার্যসূচী পালন করা হচ্ছে ।কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিব্রুগড়ে তেরঙ্গা যাত্রায় অংশগ্রহণ করেন ।গোয়ালপারা জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গন থেকে তেরঙ্গা পতাকা সহ শোভাযাত্রা বের করা হয় ।কামরূপ মহানগর জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ এই কার্যসূচীর অধীনে মোটর সাইকেল র‍্যালি এবং আসাম সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের পক্ষ থেকে তেরঙ্গা দৌড়ের আয়োজন করা হয় ।
এদিকে বরাক উপত্যাকার তিন জেলায়ও হর ঘর তেরঙ্গা অভিযানের অধীনে র‍্যালি , শোভাযাত্রা ইত্যাদির আয়োজন করা হচ্ছে । হাইলাকান্দি জেলায় আজ সকাল ১১ টায় জেলা আয়ুক্ত কার্যালয় থেকে তেরঙ্গা পতাকা নিয়ে এক শোভাযাত্রা বের করা হয় । শোভাযাত্রায় বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী , আত্মসহায়ক গোষ্ঠির লোকেরা অংশগ্রহণ করেন । এছাড়া বিভিন্ন কার্যালয়ের আধিকারীক কর্মচারীরা জাতীয় পতাকা নিয়ে পৃথক পৃথক শোভাযাত্রা বের করেন ।জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানে গতকাল এবং আজ শিক্ষার্থীদের দেশভক্তির শপথবাক্য পাঠ করানো সহ দেশের শহিদদের স্মরণে শিক্ষক ও শিক্ষার্থীরা ক্যানভাসে স্বাক্ষর করেন ।এদিকে মাটিজুরি ফরেষ্ট রেঞ্জ এলাকার লোহারবন্দ সেকেন্ড ব্যাটেলিয়নের কমান্ডার ও জওয়ানরা আজ তেরঙ্গা পতাকা নিয়ে এক শোভাযাত্রা বের করে ।গ্রামীণ জীবিকা মিশনের আলগাপুর শাখার এস এইচ জির কর্মকর্তারা স্কুটি র‍্যালি বের করেন এছাড়া বিকেলে পুলিশ প্রশাসনের পক্ষ থেকেও এক শোভাযাত্রা সহর পরিক্রমা করে ।

----------------------------------------------------------------------------------

হরঘর তেরঙ্গা অভিযানের অধীনে করিমগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে এক তেরঙ্গা যাত্রা শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব ও পুলিশ সুপার পার্থ প্রতিম দাস পতাকা নেড়ে এই তেরঙ্গা যাত্রার সূচনা করেন ।তেরঙ্গা যাত্রায় বিভিন্ন বিভাগের আধিকারীক কর্মচারী ,সুরক্ষা বাহিনীর জওয়ান সহ শিক্ষক ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে ।এদিকে আগামীকাল সকাল ৬ টায় জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গন থেকে এক তেরঙ্গা দৌড় , বিকেল তিনটেয় বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে

।করিমগঞ্জ জেলা ভারতীয় জনতা যূবমোর্চার উদোগেও আজ এক বাইক র‍্যালির আয়োজন করা হয়।

-----------------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকএ অংশগ্রহণ করে  আসামে ফিরে আসা বক্সার লাভলীনা বরগোঁহাইকে আজ গুয়াহাটীতে সম্বর্ধনা জ্ঞাপন করা হয় ।আসাম এমেচার বক্সিং এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত সম্বর্ধনা অনুষ্ঠানে লাভলীনা প্যারিস অলিম্পিকের অভিজ্ঞতার কথা তুলে ধরেন ।উল্লেখ্য প্যারিস অলিম্পিকে মহিলাদের বক্সিংয়ের ৭৫ কিলোগ্রাম ওজন শাখার কোয়ার্টার ফাইনালে লাভলীনা চীনের লী কিয়ানের বিরুদ্ধে পরাজিত হয়ে পদক বঞ্চিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম কলেজ লাইব্রেরিয়ান এসোসিয়েশনের বরাক ভ্যালি জোনের উদ্যোগে এবং শিলচর মহিলা কলেজের সহযোগীতায় আজ শিলচর মহিলা কলেজ প্রেক্ষাগৃহে  জাতীয় গ্রন্থাগারিক দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে । প্রথমে লাইব্রেরী সায়েন্সের জনক পদ্মশ্রী ডক্টর এস আর রঙ্গনাথনের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে এ উপলক্ষ্যে সমাজে গ্রন্থাগারের ভূমিকা শীর্ষক বিষয়ের উপর আয়োজিত আলোচনা সভায় ডক্টর দেবশ্রী দত্ত , ডক্টর সোনালী চৌধুরী , ডক্টর শান্তনু দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার জয়পুর রাজাবাজারের প্রয়াত জননেতা ননী গোপাল বর্মনের ২২ তম মৃত্যুবার্ষিকী পালন কমিটির পক্ষ থেকে আজ কাছাড় ক্যান্সার হাসপাতালে ৫০ হাজার টাকা দান করা হয়েছে ।সমাজের বৃহত্তর স্বার্থে কমিটির এক সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আজ বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ পদ্মশ্রী ডাঃ রবি কান্নানের হাতে ৫০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয় ।চেক প্রদানের সময় কমিটির পক্ষ থেকে সম্পাদক শত্রুঘ্ন ঠাকুর , দশরথ গোয়ালা ,বিজিৎ দত্ত , ভূপতি মাহারা প্রমুখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম কলেজ লাইব্রেরিয়ান এসোসিয়েশনের বরাক ভ্যালি জোনের উদ্যোগে এবং শিলচর মহিলা কলেজের সহযোগীতায় আজ শিলচর মহিলা কলেজ প্রেক্ষাগৃহে  জাতীয় গ্রন্থাগারিক দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে । প্রথমে লাইব্রেরী সায়েন্সের জনক পদ্মশ্রী ডক্টর এস আর রঙ্গনাথনের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে এ উপলক্ষ্যে সমাজে গ্রন্থাগারের ভূমিকা শীর্ষক বিষয়ের উপর আয়োজিত

আলোচনা সভায় ডক্টর দেবশ্রী দত্ত , ডক্টর সোনালী চৌধুরী , ডক্টর শান্তনু দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকারের ব্যবস্থাপনায় এবং গ্রন্থাগার সেবা সচিবালয়ের উদ্যোগে গতকাল করিমগঞ্জ জেলা গ্রন্থাগার ভবনে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে গ্রন্থাগারিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে ছাত্র- ছাত্রীদের মধ্যে বসে আঁকো ও আবৃত্তি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । পরে গ্রন্থাগারিক দিবসের উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার বিভিন্ন থানা চত্বরে পড়ে থাকা মোট ২৫৮টি বেআইনী যানবাহন , দ্বিচক্রযানগুলি নির্ধারিত আইনী প্রক্রিয়া অনুযায়ী নিষ্পত্তি করা হবে । যানবাহনগুলির মালিকদের বিজ্ঞপ্তী প্রকাশের সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট থানায় বৈধ কাগজপত্র জমা দিয়ে গাড়ির মালিকানা দাবী করতে অনুরোধ করা হয়েছে । নির্ধারিত সময় শেষ হলে , যানবাহনগুলি পাবলিক নিলামে বিক্রয় করা হবে । যানবাহনগুলির তালিকা জেলা আয়ুক্তের কার্য্যলয় , পুলিশ সুপারের কার্য্যলয় সহ সংশ্লিষ্ট থানাগুলিতে পাওয়া যাবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর পৌর এলাকার বৃদ্ধভাতা , বিধবাভাতা  ও বিকলাঙ্গ ভাতার হিতাধিকারীদের অবগতির জন্য জানানো হয়েছে যে তাদেরকে আগামী ২৫শে আগষ্টের মধ্যে আধার কার্ডের ফোটো কপি আধার সেন্ডিং-এর জন্য শিলচর পৌরসভার কার্য্যলয়ে জমা দিতে হবে ।  কোনো হিতাধিকারীর মৃত্যু হয়ে গেলে তাহাদের পরিবার পরিজনদের কাছে সেসকল হিতাধিকারীগনদের মৃত্যুর প্রমান পত্র জমা দেওয়ার অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের উদ্যোগে শিলচর শহরের সড়কের পূর্ন সংস্কার , জমাজলের সমস্যার সমাধান , বর্ধিত জলকর , পৌরকর , ট্রেড লাইসেন্স ফি বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে আজ ন্যাশনেল হাইওয়ে পয়েন্টের চিত্তরঞ্জনের  মূর্তি লাগোয়া স্থানে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে অবিলম্বে শিলচর শহরের প্রধান প্রধান সড়কের অবিলম্বে সংস্কার এবং লঙ্গাইখালের আর্বজনা পরিষ্কারের দাবী জানিয়ে প্রাক্তন পৌর কমিশনার সাধন পুরকায়স্থ , মধূসূদন কর , আশু পাল প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় দর্মিখাল ডিমা ইয়ুথ ক্লাব ৪-২ গোলের ব্যবধানে কৃষ বাম জুনিয়র ইসলামাবাদ মার্কেট এফ সি দলকে পরাজিত করে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় ডিমা কালার হাওয়র এফ সি ভবানীপুর এফ সি-র বিরুদ্ধে খেলবে ।

-----------------------------------------------------------------------------------